# ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

## প্রতিযোগিতা নির্দেশিকা

### বিষয়ঃ অ্যাকশন ট্রি

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য "**উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'অ্যাকশন ট্রি প্রতিযোগিতা'সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর- কিশোরী, তরুণ-তরুণী এবং প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'অ্যাকশন ট্রি প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'অ্যাকশন ট্রি প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

**বর্ণনাঃ**

'অ্যাকশন ট্রি' একটি প্রতিযোগিতা, যেখানে অংশগ্রহণকারীদের ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬ প্রতিপাদ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি নির্দিষ্ট বিষয় দেওয়া হবে। তারা বিষয়টি বিশ্লেষণ করে ১৫ শব্দের মধ্যে একটি কর্মপরিকল্পনা তৈরি করবে, যেখানে তারা উল্লেখ করবে কীভাবে নির্দিষ্ট বিষয় বা সমস্যাটির সমাধানে নিজেদের নিয়োজিত করবে।

**বয়স গ্রুপঃ**

| গ্রুপ ক | গ্রুপ খ | গ্রুপ গ |
|---|---|---|
| ৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়ঃ প্রাথমিক বাছাই পর্ব** (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।

**গ্রুপ ক:** প্রতিটি এলাকায় নিরাপদ ও পুষ্টিকর নাশতা নিশ্চিত করা।

**গ্রুপ খ:** স্বাস্থ্যকর স্থানীয় খাবারের মাধ্যমে জাঙ্ক ফুড নির্ভরতা কমানো।

**গ্রুপ গ:** বেসরকারি খাতের অংশীদারিত্ব কীভাবে অপুষ্টি কমাতে পারে?

**যোগ্যতাঃ**

- অংশগ্রহণকারীদের অবশ্যই INO ২০২৬ ওয়েবসাইট (www.nutritionolympiad.net) থেকে রেজিস্ট্রেশন ফর্মটি পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় 'অ্যাকশন ট্রি কম্পিটিশন' নির্বাচন করতে হবে।
- নির্দিষ্ট বয়সসীমার মধ্যে যে কেউ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- এই প্রতিযোগিতায় শুধুমাত্র একক প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবেন।
- অংশগ্রহণকারী (বা অভিভাবক) অথবা প্রতিষ্ঠানের নুন্যতম তথ্য প্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট)।

**রেজিস্ট্রেশনঃ**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬ -এর নির্দিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO ২০২৬ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) দেওয়া রেজিস্ট্রেশন লিঙ্কে ক্লিক করে ‘অ্যাকশন ট্রি কম্পিটিশন’ নির্বাচন করুন।

**রেজিস্ট্রেশনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**জমা দেওয়ার শেষ তারিখ:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**অ্যাকশন ট্রি প্রতিযোগিতার নির্দেশিকা:**

1. **অংশগ্রহণকারীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগের নম্বর এবং ইমেইল

2. **অ্যাকশন ট্রি প্রতিযোগিতার কাঠামো:**

উপরোক্ত বিষয় সম্পর্কিত কর্মপরিকল্পনাটি সর্বোচ্চ ১৫ শব্দের মধ্যে লিখতে হবে।

3. **ফরম্যাটিং:**
   ফন্ট: Gill Sans MT (English) অথবা কালপুরুষ (বাংলা), ফন্ট সাইজ: ১২, কোনো বিশেষ ফরম্যাটিং ছাড়া সাধারণ লেখা। সাইজের কাগজের মাপ: A4।
4. **ভাষা:** বাংলা অথবা ইংরেজি।
5. **জমা ও নির্বাচন প্রক্রিয়া:** অংশগ্রহণকারীরা গুগল ফর্ম/ইমেইলের মাধ্যমে কর্মপরিকল্পনা (পিডিএফ) জমা দেবেন (ইমেইলের বিষয়বস্তুতে 'অ্যাকশন ট্রি' উল্লেখ করে)

**প্রাথমিক বাছাই:**

- প্রতিটি গ্রুপ থেকে সেরা ৫টি অ্যাকশন ট্রি INO ২০২৬ -এ প্রদর্শনের জন্য সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হবে।

**চূড়ান্ত বাছাই:**

- প্রতিটি গ্রুপ থেকে সেরা ৩টি অ্যাকশন ট্রি বিজয়ী হিসেবে ঘোষণা করা হবে।

**স্কোরঃ**

| **ক্রম** | **ধরণ** | **নাম্বার** |
|---|---|---|
| ০১ | বাস্তবায়ন যোগ্যতা | ৩৫ |
| ০২ | অংশগ্রহণকারীর দ্বারা বাস্তবায়নের সুযোগ | ২৫ |
| ০৩ | প্রাসঙ্গিকতা | ২৫ |
| ০৪ | উপস্থাপনা | ১৫ |
| **মোট** | | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- কার্যক্রম অবশ্যই মৌলিক হতে হবে এবং অংশগ্রহণকারীদের দ্বারা তৈরি হতে হবে, তবে পরামর্শদাতাদের নির্দেশনা গ্রহণ করা যাবে। কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) বা কোনো অনলাইন সহায়ক সরঞ্জাম ব্যবহার করে তৈরি করা করণীয় কাজ অযোগ্য বলে বিবেচিত হবে।
- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। যেকোনো ধরনের অসদাচরণের ফলে অযোগ্য ঘোষণা করা হবে।

- আন্তর্জাতিক পুষ্টি অলিম্পিয়াড ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।
- নির্বাচিত কাজগুলো INO,নিউট্রিশন ক্লাব এবং BIID ফাউন্ডেশনের ওয়েবসাইটে আপলোড করা যাবে।

**যোগাযোগঃ**

‘অ্যাকশন ট্রি প্রতিযোগিতা’ সম্পর্কে আপনার যে কোন প্রশ্ন বা তথ্যের জন্য যোগাযোগ করুনঃ +৮৮০২৮৭১৪১৬৯, +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ই-মেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩টি (তিন) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।**